

ডাকসু ও হল সংসদ নির্বাচনে ছাত্রদলের 'নির্বাচন পরিচালনা কমিটি' গঠন

ঢাবি প্রতিবেদক

২৫ আগস্ট ২০২৫, ১২:২০ এএম





ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন-২০২৫ উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল তাদের নির্বাচনী কার্যক্রম তদারকির জন্য ‘নির্বাচন পরিচালনা কমিটি’ গঠন করেছে।

রবিবার এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ছাত্রদলের সমর্থিত প্যানেলের প্রচারণা ও নির্বাচনী পরিকল্পনার সব কার্যক্রম পরিচালনা এবং তদারকির সার্বিক দায়িত্বে থাকবে এই কমিটি।

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি রাকিবুল ইসলাম রাকিব এবং সাধারণ সম্পাদক নাহিদ উদ্দিন নাহিদ স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, কমিটিতে নিম্নোক্ত ৫ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১. শ্যামল মান্নান

২. জাকারিয়া আলম

৩. গগন চন্দ্র রায় সায়েম

৪. নাহিদুজ্জামান শিপন

৫. মলিক ওয়াসি উদ্দিন তামী

প্রেস বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, নির্বাচনী কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কেন্দ্রীয় ছাত্রদল নেতৃত্ব এই কমিটির সঙ্গে নিবিড়ভাবে কাজ করবে।